# উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা

**বিষয়: উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী-**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ৩০ এপ্রিল ২০২৫ সময়: বেলা ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ অডিটোরিয়াম কাম মাল্টি পারপাস হলরুম, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| সভাপতি | ঃ | জনাব জুয়েল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সাশ্রয়কৃত টাকা দ্বারা নিম্নবর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। ০১. উপজেলার বিভিন্ন ক্লাব/প্রতিষ্ঠানে আসবাবপত্র সরবরাহকরণ - ১,৪৮,০০০/- টাকা। ০২. এডিপি প্রকল্পের কাজ তদারকি ব্যয় ১% হারে- ৯৯,৫০০/- টাকা ০৩. এডিপি প্রকল্পের বরাদ্দকৃত টাকার ০.৫০% আনুষাঙ্গিক ব্যয়- ৫০,০০০/- টাকা. ০৪. মোহনগঞ্জ উপজেলায় স্মৃতিস্তম্ব স্থাপন কাজটি টেন্ডারের পরিবর্তে আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়িত হবে। ০৫. মল্লিকপুর গ্রামে হাতিভাঙ্গায় ইউড্রেন নির্মানের স্থানে পানি নিমজ্জিত থাকায় উক্ত স্থানে ইউড্রেন নির্মাণ করা সম্ভব নয় বিধায় মাঘান কবরস্থানের রাস্তা সিসি দ্বারা উন্নয়ন কাজটি আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়ত হবে। ০৬. উপজেলা পরিষদের আবাসিক চত্বরের গেজেটেড কোয়ার্টার নং ০১ ও ০২ মেরামত ব্যয় – ২.০০ লক্ষ টাকা।<br>বড়তলী বানিহারী ইউপির খুরশিমুল বাজার রাস্তায় ৭৭০ মিটার চেইঃ পুরাতন কালভার্ট নিলামে বিক্রয়। সুখদেবপুর বাজার আখৈলখলা বিন্নাবাড়ী রাস্তায় ০০ মিটার চেইঃ পুরাতন কালভার্ট নিলামে বিক্রয়। | বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) প্রকল্প যথাসময়ে টেন্ডার ও পিআইসির মাধ্যমে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০২ | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভাকে অবহিত করেন উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা বার্ষিক উন্নয়ন কর্মসূচি এর আওতায় জসিম বাজার, বিজ্ঞান বাজার, কাজিয়াটি এবং শৈলজারঞ্জন একাডেমি এর সম্মুখে ০৪ টি ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প এর আয়োজন করা হয়েছে। এতে ৪৭০ টি বাছুরকে লাম্পি স্কিন ডিজিজ এবং অন্যান্য গবাদি পশুকে তর্কা, বাদলা ভ্যাকসিন ও ক্রিমির ঔষধ, রুচির ঔষধ ও চিকিৎসা করা হয়েছে। মোট ১৫৬৭ টি গবাদি পশুকে সেবা প্রদান করা হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, চলতি বোর মৌসুমে আজকের দিন পর্যন্ত ৫২% ফসলি জমি কর্তন হয়। মাটির উর্বরতা সুরক্ষার জন্য কর্তনকৃত বোর জমিতে উদ্বুদ্ধকরণের মাধ্যমে ধৈঞ্চা বীজ বপনের পদক্ষেপ নেয়া হয়। অনাবাদি জমি আবাদের আওতায় আনয়নের লক্ষ্যে রাস্তার পাশে অনাবাদি জায়গায় অড়হড় ডালের বীজ বপন করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি, কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা হয়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ০৬ | উপজেলা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে | এসএসসি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর | উপজেলা মাধ্যমিক |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | মাধ্যমিক শিক্ষা বিভাগ | বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এসএসসি/সমমান পরীক্ষা ০৪টি কেন্দ্রে সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে। উপজেলায় মোট ২২১৮ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহন করছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তি কার্যক্রম চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে। | পরিবেশে পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান তার দপ্তরের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ১২.০৫.২০২৫ থেকে ১ম প্রান্তিক পরীক্ষা শুরু হবে। সে লক্ষ্যে প্রশ্নপত্র প্রনয়নের কাজ চলছে। সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য সমাজের সর্বস্তরের জনসাধারণের সহযোগিতা কামনা করছি। শ্রেণিকক্ষ সম্প্রসারণ ও ওয়াসব্লকের কাজ ভালভাবে চলমান রয়েছে। তবে গভীর নলকূপ স্থাপনের কাজ সন্তোষজনক নয়। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা হয়নি। | পরবর্তী সভায় সকলের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, |
| ০৯ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা হয়নি। | পরবর্তী সভায় সকলের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১০ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা হয়নি। | পরবর্তী সভায় সকলের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১১ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) অনুপস্থিত থাকায় আলোচনা হয়নি। | পরবর্তী সভায় সকলের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের টিআর ও কাবিটার কাজ চলমান রয়েছে। আগামী ১৫.০৬.২০২৫ তারিখে কাজের মেয়াদ শেষ হবে। এর পূর্বেই সকল পিআইসির কাজ শেষ করে মাস্টাররোল দাখিল এবং ইজিপিপি প্রকল্প তালিকা দ্রুত জমা দেয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রকল্প কাজ যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বিআরডিবির আওতাধীন বিভিন্ন সমবায় সমিতি/দলে ২০১০ সনের পূর্বে বিতরণকৃত ঋনের সুদ মওকুফ সুবিধা কার্যক্রম চলমান রয়েছে। আগামী ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে বকেয়া ঋনের আসল ও ১ বছরের সুদ পরিশোধ সাপেক্ষে অবশিষ্ট সময়ের সুদ মওকুফ সুবিধা গ্রহণের জন্য জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | সংশ্লিষ্ট সকলের সহযোগীতা নিয়ে কাজের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৪ | উপজেলা সমাজ সেবা অফিসার | উপজেলা সমাজ সেবা অফিসার বলেন, আগামী ১৫ মে ২০২৫ তারিখের মধ্যে সকল ভাতার প্রে-রোল প্রদান করা হবে। ক্যান্সার ও কিডনি রোগিদের ৫৩ টি আবেদন জেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। ২,৪০,০০০/- টাকা বিনিয়োগ করার প্রক্রিয়াধীন রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৫ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা হয়নি। | পরবর্তী সভায় সকলের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৬ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক বিভাগ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় সকলের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা জানান খাদ্য গুদামের মজুদ চাল ৬৫৪ মে:টন, গম ৬৬ মে: ট। মজুদ খাদ্যশষ্য উপজেলায় আপদকালীন মজুদ হিসেবে সংরক্ষণ থাকবে। খাদ্য বান্ধন কর্মসূচির এপ্রিল ২০২৫ মাসে ৬,০০৬ জন ভোক্তাকে ৩০ কেজি করে চাল বিতরণ করা হয়েছে। এরমধ্যে নতুন ১৫১১ জন ভোক্তা হতে ডাটাবেজ যাচাই করে ১১৫৩ জনকে চাল দেয়া হয়েছে। টিসিবি এপ্রিল ২০২৫ মাসের বরাদ্দ পাওয়া যায়নি। খাদ্য বিভাগের পক্ষ থেকে প্রতিদিন বাজার মনিটরিং করা হচ্ছে। মূল্য বৃদ্ধির লক্ষ্যে কোন মিল মালিক/ ব্যবসায়ী অতিরিক্ত মজুদ করার প্রবনতা পরিলক্ষিত হয়নি। বোর | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, মোহনগঞ্জ |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সংগ্রহ ২০২৫ এর আওতায় অত্র উপজেলায় ৪৫৮১ মে: টন চাল ১২৩০ মে: টন ধান সংগ্রহের বরাদ্দ পাওয়া গেছে। ধান প্রতি কেজি ৩৬ টাকা এবং চাল প্রতিকেজি ৪৯ টাকা। কৃষক অ্যাপে ধান ক্রয় করা হবে। বিগত ২৪.০৪.২০২৫ তারিখে ধান সংগ্রহণের উদ্বোধন করা হয়েছে। | | |
| ১৮ | উপজেলা তথ্যকেন্দ্র, তথ্য আপা প্রকল্প, মোহনগঞ্জ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় সকলের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ২০ | বিদ্যুত বিভাগ, মোহনগঞ্জ | ডিজিএম, পল্লী বিদ্যুত সমিতি, মোহনগঞ্জ সভাকে অবহিত করেন ২০২৪-২০২৫ অর্থবছরের জুন ফাইনালের জন্য সকল সরকারী অফিসের বিদ্যুত বিল জুন মাসের মধ্যে পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। বিশেষ করে উপজেলা পরিষদ, অডিটোরিয়াম কাম মাল্টিপারপাস হলরুম ও মডেল মসজিদের বিদ্যুত বিল কোন প্রতিষ্ঠান দ্বারা পরিশোধ হবে তা জানতে চাওয়া হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিদ্যুত ব্যবস্থা স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | ডিজিএম, পল্লী বিদ্যুত সমিতি, মোহনগঞ্জ জোনাল অফিস |
| ২১ | চেয়ারম্যান, ০৭ নং গাগলাজুর ইউপি | চেয়ারম্যান, ০৭ নং গাগলাজুর ইউপি সভায় বলেন তার পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, গাগলাজুর ইউপি, মোহনগঞ্জ |

(৩) বিবিধ ঃ (ক) মে/২০২৫ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালী ও ঝাড়ুদারের মজুরী এবং অন্যান্য বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়।

উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃ নং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের মালী ও ঝাড়ুদারের মে/২০২৫ মাসের মজুরী প্রদান। | ২২,০৫০/- |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের মে/২০২৫ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ৩৫,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী ব্যয় | ১৪,০০০/- |
| ০৪ | পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৫ উপলক্ষে উপজেলা পরিষদ কমপ্লেক্স এর সার্বক্ষণিক নিরাপত্তায় নিয়োজিত গ্রাম পুলিশে দৈনিক যাতায়াত ভাতা বাবদ- | ১৩২০০/- |
| ০৫ | উপজেলা পরিষদ কমপ্লেক্স পরিষ্কার পরিচ্ছন্ন বাবদ ব্যয় বিল- | ৫০,০০০/- |
| ০৬ | উপজেলা পরিষদ ভবনের দরজা জানালার পর্দা ক্রয় বাবদ | ২৫,০০০/- |
| ০৭ | উপজেলা পরিষদ হাট-বাজার ১৪৩২ বাংলা সনের ইজারা বিজ্ঞপ্তির বিল বাবদ- | ২৩,৫৫২/- |
| ০৮ | উপজেলা পরিষদ নৌকা/ফেরিঘাট ১৪৩২ বাংলা সনের ইজারা বিজ্ঞপ্তির বিল বাবদ- | ২৭,৯৪৫/- |
| ০৯ | মোহনগঞ্জ পৌরসভা কার্যালয়, মোহনগঞ্জ, নেত্রকোণার অনুকূলে উপজেলা পরিষদের হোল্ডিং কর বাবদ ২০২২-২০২৩ অর্থ বছর থেকে ২০২৪-২০২৫ অর্থ বছর পর্যন্ত হোল্ডিং কর বাবদ প্রদান- | ৬,০০,০০০/- |
| ১০ | উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভার আপ্যায়ন ব্যয় বাবদ- | ৩০,০০০/- |

সভায় উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা উপজেলার সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে করার লক্ষ্যে সকলকে অনুরোধ জানান এবং এ উপজেলায় বর্তমান পরিস্থিতি স্বাভাবিক আছে বলে সভায় অবহিত করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/৪/২০২৫

(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।

CamScanner

স্মারক নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০- ৩০৫ তারিখঃ ৩০ এপ্রিল ২০২৫

**বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-**

০১. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৩. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. উপজেলা ..........................................................,........অফিসার, মোহনগঞ্জ ,নেত্রকোণা।
০৫. চেয়ারম্যান,.................................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৬. সংরক্ষণ নথি।

৩০/৪/২০২৫
(জুয়েল আইমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা